

আপনি যদি মনে করেন আপনি পুলিশের দ্বারা অসদাচরণের স্বীকার হয়েছেন অথবা প্রত্যক্ষ করেছেন

সিভিলিয়ান কমপ্লেইন বোর্ড (CCRB)-
এ অভিযোগ দায়ের করুন।

আমরা NYPD অফিসারগণের অসদাচরণের
বিষয়ে তদন্ত এবং মধ্যস্থতা করি।

CCRB স্বতন্ত্র, নিরপেক্ষ এবং পুলিশ বিভাগের
অংশ নয়।

অভিযোগ দায়ের করার উপায়

- ▶ আমাদের হটলাইন-এ কল করুন: **1-800-341-2272** বা **311**-এ, 24/7 যেকোন সময়
- ▶ 100 Church Street, New York, NY 10007-এ আমাদের অফিসে আসুন। সোমবার-শুক্রবার 8 AM থেকে 5 PM, কোনো এপয়েন্টমেন্ট এর প্রয়োজনীয়তা নেই।
- ▶ অনলাইনে অভিযোগের ফর্ম পূরণ করুন: www.nyc.gov/ccrb
- ▶ আমাদের কাছে উপরের ঠিকানায় লেখা পাঠান।
- ▶ যদি আপনি আঘাতপ্রাপ্ত হন, অবিলম্বে চিকিৎসা নিন, তারপর আপনার আঘাতপ্রাপ্ত স্থানগুলোর ছবি তুলুন।

NYC

সিভিলিয়ান অভিযোগ
পর্যালোচনা বোর্ড

কি করবেন যদি একজন পুলিশ অফিসার আপনাকে থামায়

পুলিশের সাথে মুখোমুখি হওয়ার ক্ষেত্রে আপনি কী বলছেন বা করছেন তার উপরেই পুরোপুরি নির্ভর করে যে পরিস্থিতি কোন দিকে মোড় নিবে এবং সেটা আপনাকে আরো অসুবিধায় অথবা খারাপ পরিস্থিতিতে ফেলবে কিনা।

পরামর্শ

- শান্ত থাকবেন এবং বেশি নড়াচড়া করবেন না।
- আপনার হাত দৃশ্যমান এবং স্থির রাখুন। যদি আপনি অস্থির হয়ে যান অথবা আপনার হাত পকেটে রাখেন তাহলে পুলিশ সন্দেহ করতে পারে আপনি আপনার লুকিয়ে রাখা অস্ত্র বের করতে যাচ্ছেন।
- সম্মানের সাথে কথা বলুন। তর্ক করবেন না। এটা পরিস্থিতিতে আরো খারাপ এর দিকে নিতে পারে।

পরামর্শ (চলছে)

- গ্রেফতার করার সময় বাধা দিবেন না।
একজন অফিসার আপনাকে আটক করার সময় আপনার যেকোনো শারিরিক হস্তক্ষেপ যেমন টানাটানি করাকে আটকে বাধা প্রদান করা হিসেবে গণ্য করা হবে
এবং ফলাফলস্বরূপ আপনার উপরে অতিরিক্ত চার্জ আরোপ করা হতে পারে বা পরিস্থিতি আরো খারাপের দিকে যেতে পারে।
- সবসময় একটি পরিচয়পত্র সাথে রাখুন যদিও এটা বাধ্যতামূলক না, আপনারনিজের সুরক্ষার জন্য এটি সাথে রাখা ভাল।
- পুলিশের মুখোমুখি হলে কিছু বিষয় খেয়াল রাখবেন, যেমন, অফিসারের নাম এবং ব্যাজ নম্বর। আপনি জিজ্ঞাসা করলে পুলিশ অফিসারগণ আপনাকে এসব তথ্য দিতে বাধ্য, তবে কেউ কেউ তথ্য নাও দিতে পারে।
অফিসারদের পেট্রল কারের নম্বর এবং শারিরিক বৈশিষ্ট্যের দিকেও খেয়াল রাখবেন।

পুলিশ কর্তৃপক্ষ সম্পর্কে আপনার যা জানা প্রয়োজন

পুলিশের কাছে ন্যায়সংগত কারণ থাকলে তারা আপনার কাছে যেয়ে আপনার সম্পর্কে তথ্য জানতে চাইতে পারবে। যদি আপনাকে দেখে কোন কারণে সন্দেহ হয় যে আপনি কোন অপরাধ করছেন, করেছেন অথবা করতে যাচ্ছেন তাহলে একজন অফিসারের আপনাকে থামানোর (সাময়িকভাবে আটক) অধিকার রয়েছে।

- থামানোর সময়, যদি কোন কারণে অফিসার মনে করেন যে আপনার কাছে কোন অস্ত্র আছে, তাহলে তিনি আপনার কাপড়ের উপর দিয়ে তল্লাশি চালাতে পারবে।
- যদি অফিসার আপনার পকেটে কোন অবজেক্ট অনুভব করেন এবং যৌক্তিকভাবে বিশ্বাস করেন যে সেটা একটি অস্ত্র হতে পারে তাহলে অফিসার আপনার পকেটে হাত দিয়ে পকেটে থাকা অবজেক্টটি পরীক্ষা করতে পারবেন।
যে পুলিশ অফিসারগণ NYC আবাসন অথরিটির
- বিল্ডিং গুলিতে টহল দেয় তারা পরীক্ষা করতে পারবেন যে সেখানের মানুষজন আইনসঙ্গতভাবে সেখানে আছেন--- যে তারা বৈধ বাসিন্দা বা যুক্তিসঙ্গত ভিজিটর।